R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন ঃ ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৩শ বর্ষ
৮ম সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৮ই আষাঢ় বুধবার, ১৪০৩ সাল।
৩রা জুলাই, ১৯৯৬ সাল।

নগদ মূল্য ঃ ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## মুর্শিদাবাদ জেলা বিড়ি মজদুর ইউনিয়নসহ কংগ্রেসের প্রবীণ নেতা মহম্মদ হোসেন আলি সিপিএমে

বিশেষ সংবাদদাতা ঃ অরঙ্গাবাদের প্রবীণ কংগ্রেসী নেতা মহম্মদ হোসেন আলি ওরফে হোসেন মাষ্টার তাঁর প্রায় পাঁচশত অনুগামী নিয়ে কংগ্রেস ছেড়ে সিপিএমে যোগ দেন বলে খবর। শুধু নিজে ও সহকর্মীদের নিয়ে নয়, তাঁর পরিচালিত মুর্শিদাবাদ জেলা বিড়ি মজদুর ইউনিয়নের (আই এন টি ইউ সি) অনুমোদন পরিত্যাগ করে সিপিএমের (সিটুর) অনুমোদন নিয়েছেন বলে জানা যায়। এর ফলে অরঙ্গাবাদে যে কংগ্রেসের সবিশেষ ক্ষতি হলো তাতে কোন সন্দেহ নেই। তাঁর এই সপরিষদ দলত্যাগের কারণ সম্বন্ধে জানা যায় অরঙ্গাবাদে কংগ্রেসী নেতৃত্বের দখল নিয়ে তাঁর ক্ষোভ। তিনি বরাবরই বর্তমান বিধায়ক মোঃ সোহরাব বিরোধী। এই বিরোধিতায় জয়লাভ করে তিনি এই নির্বাচনের পূর্ব সুতী কেন্দ্রে কংগ্রেস প্রার্থী হিসাবে নমিনেশন পান। কিন্তু সেবার বিজেপির রমরমায় তাঁকে তৃতীয় স্থানে ফেলে দেয়। এ বছরে নির্বাচনের সময়ও তিনি যাতে মোঃ সোহরাব ( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## নির্বাচনের পরও সিপিএম সন্ত্রাস বাড়িয়ে চলেছে

ধুলিয়ান ঃ সিপিএম এর দূর্গ ফরাক্কা ও অরঙ্গাবাদ কেন্দ্র হাতছাড়া হয়ে যাওয়ায় সিপিএম ক্ষিপ্ত হয়ে এই সব এলাকার বিভিন্ন গ্রামে-গঞ্জে কংগ্রেস সমর্থকদের উপর আক্রমণের বন্যা নামিয়ে এনেছে। পরিকল্পিতভাবে কংগ্রেস সমর্থক গ্রামগুলিতে এই দল ব্যাপক হাঙ্গামা, লুটতরাজ, অগ্নিসংযোগ, খুন, জখম নির্মমভাবে চালাচ্ছে বলে কংগ্রেসীদের অভিযোগ। সামসেরগঞ্জ থানার চকসাপুর গ্রামের পশ্চিমপাড়ার কংগ্রেস সমর্থক মোজাম্মেল রহমান সুনির্দিষ্টভাবে সিপিএমের বিরুদ্ধে এ সব অভিযোগ এনেছেন। তিনি জানান সিপিএম মস্তানবাহিনী সমাজবিরোধীদের সঙ্গে নিয়ে চকশাপুর গ্রামের পশ্চিমপাড়ায় হাঙ্গামা চালায়। মস্তান-বাহিনীর প্রায় একশো জনের বিরুদ্ধে মোজাম্মেল রহমান সমসেরগঞ্জ থানায় কেস দায়ের করেন। সমসেরগঞ্জ ব্লক কংগ্রেস সভাপতি হাজী হাসান আলী জানান ডায়েরী করার পরও পুলিশ কোন ব্যবস্থা নেয়নি, উপরন্তু সিপিএমের সন্ত্রাস আরও বৃদ্ধি পেয়েছে। অনেক মানুষ আতঙ্কে গ্রামছাড়া। কয়েক লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়েছে এই হাঙ্গামায়। (২য় পৃষ্ঠায় দ্রঃ)

## মাধ্যমিকে রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় পুনরায় কৃতিত্ব দেখাল

নিজস্ব সংবাদদাতা ঃ এবারে মাধ্যমিকের ফলাফলে রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় পুনরায় শিখর স্থান অধিকার করেছে। মোট ১৪৩ জন পরীক্ষার্থীর মধ্যে প্রথম বিভাগে ১১টি ষ্টারসহ ৪৩ জন, ২য় বিভাগে ৫৯, তৃতীয় বিভাগে ৬। কম্পার্টমেণ্টাল পেয়েছে ৩৩, ফেল করেছে ২। সর্বোচ্চ নম্বর পেয়েছে তুহিনশুভ্র মজুমদার (৭৭১)। রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ে পরীক্ষা দেয় ১০৯ জন। এর মধ্যে ১ম বিভাগে ২৪, ২য় বিভাগে ৫২, ৩য় বিভাগে ১০, কম্পার্টমেণ্টাল ২০, ফেল ৩ জন সর্বোচ্চ নম্বর রেজিনা ইয়াসমিন (৬৪৬)। শ্রীকান্তবাটী স্কুলের পরীক্ষার্থী ৫১ জনের মধ্যে ১ম বিভাগে ৪, ২য় বিভাগে ২৮, ৩য় বিভাগে ৬, কম্পার্ট-মেণ্টাল ১০, ফেল ৩। সর্বোচ্চ নম্বর ৫৬৩ পেয়েছে রবিউল ইসলাম। ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পুলিশের কেরামতি ঃ উদোরপিণ্ডি বুধোর ঘাড়ে

নিজস্ব সংবাদদাতা ঃ সম্প্রতি রঘুনাথগঞ্জ থানা কর্তৃপক্ষের দুটি অবহেলার ঘটনায় শহরের মানুষ রীতিমত স্তম্ভিত ও ক্ষুব্ধ। তাঁরা প্রশাসনিক উচ্চ স্তরের তদন্ত দাবী করছেন। খবর গত ২৩ জুন রঘুনাথগঞ্জ পুলিশ ফরাক্কা থানার একটি অভিযোগের ভিত্তিতে স্থানীয় হঠাৎ কলোনীর সুরেশ হালদার (পিতা রাম হালদার) এর বিরুদ্ধে ওয়ারেণ্ট এর বলে রঘুনাথগঞ্জ থানার পুলিশ হঠাৎ কলোনীর বাসিন্দা তাপস হালদারের (পিতা হরিপদ হালদার) বাড়ী চড়াও হয়ে তাঁকে সুরেশ হালদার বলে গ্রেপ্তার করে। কোমড়ে দড়ি দিয়ে জোর করে থানায় নিয়ে আসে। তাপসের কোন কথা পুলিশ শুনতে চায় না। তাঁর বাড়ীর লোকজন ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## হাসপাতাল সুপার ছুটিতে দায়িত্বে কেউ নেই

রঘুনাথগঞ্জ ঃ জঙ্গিপুর মহকুমা হাসপাতালের সাম্প্রতিক গোলমালের পরিপ্রেক্ষিতে সুপার ডাঃ সঞ্জীত ঘোষ বর্তমানে ছুটিতে। কিন্তু তাঁর জায়গায় কাউকে দায়িত্ব দেওয়া হয়নি বলে খবর। ফলে হাসপাতালে ডামাডোল চলছে পুরোদমে। এমন কি ক্যাশিয়ার চাবি কাকে দেবেন তাও ঠিক করতে না পেরে মহকুমা শাসক দেবব্রত পালের কাছে নির্দেশ চান। মহকুমা শাসক তাঁকে এ ব্যাপারে সি এম ও এইচের নির্দেশ নিতে বলেন। জানা যায় হাসপাতালে কর্মরত কোন ডাক্তারই সুপারের দায়িত্ব নিতে অস্বীকার করেন। অপরদিকে হাসপাতাল বাঁচাও ( শেষ পৃঃ দ্রঃ )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিংয়ের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যে দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

১৮ই আষাঢ় বুধবার, ১৪০৩ সাল।


## ।। উন্নয়ন ও দুরবস্থা ।।

আমাদের পত্রিকার নিজস্ব সংবাদদাতার প্রতিবেদন হইতে জানা যায় যে, জঙ্গিপুর পুরসভা রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের পুর এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজে হাত দিতেছে। এই কাজ খুব শীঘ্রই হইবার কথা। ইহাতে প্রায় সাড়ে নয় লক্ষ টাকা ব্যয় হইবে বলিয়া ধরা হইয়াছে। টেণ্ডারের মাধ্যমে নাকি কাজ বিলি করা হইয়াছে বলিয়া খবরে প্রকাশ। যদিচ আগামী তিন মাসের মধ্যে সব কাজ হইয়া যাইবার কথা বলা হইয়াছে, তবু ঠিকাদারেরা মনে করেন যে, বর্ষার কারণে কাজের পথে বাধার সৃষ্টি হইবে এবং তাহার ফলে প্রতিশ্রুত তিনমাসের মধ্যে সম্পন্ন হইতে পারিবে না।

এই সমস্ত উন্নয়নমূলক কাজ নানাধরনের হইবে। মহকুমা শাসকের অফিসের সামনে প্রায় পনের বৎসর পূর্বে জঙ্গিপুর পুরসভার প্রথম চেয়ারম্যান কৃষ্ণবল্লভ রায়ের নামে যে পার্কটির শিলান্যাস করা হইয়াছিল, তাহা সম্পূর্ণ করা হইবে। শহরের রাস্তাঘাট সংস্কার, কবরডাঙ্গার সীমানা দেওয়াল নির্মাণ, বিভিন্ন স্থানে গার্ডওয়াল তৈয়ারী ও কিছু কিছু জায়গায় পয়ঃপ্রণালী নির্মাণ করা হইবে। আপাতত এইগুলি সম্ভাব্য কাজের তালিকা। ইহার সবই সম্পন্ন হইবে, না আংশিক হইবে, তাহা জানা যায় নাই। কতটুকু কী হইল তাহা ভবিষ্যতে কাজের শেষে বুঝা যাইবে। তবে পুরসভার উন্নয়নমূলক কাজের কথা যাহা বলা হইয়াছে, তাহা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য।

তবে এই প্রসঙ্গে আরও কিছু কথা আসিয়া পড়ে। জঙ্গিপুর পুরসভার পিচের রাস্তাগুলি অতি অল্প সময়ের মধ্যে বেহাল অবস্থায় উপনীত হইয়াছে। রাস্তার সর্বত্র খানাখন্দ হইয়াছে। সাইকেল, রিক্সা চলাচলের খুবই অসুবিধা। বৃষ্টির জল ঐ সব খানাখন্দে জমিয়া থাকে। বাস ও লরি চলাচলের সময় পথচারীদের গায়ে নোংরা জল ছিটকাইয়া পড়ে। ধনপতনগর, রাধানগর যাওয়ার রাস্তায় ধস নামার ফলে শোচনীয় অবস্থা হইয়াছে। দুই রাস্তার সংযোগকারী খালের উপর নির্মিত বাঁশের মাচানের জীর্ণদশা। বাবুবাজার, জয়রামপুর যাওয়ার পথে যে কালভার্ট আছে, তাহার ভগ্নদশা। এইগুলির আশু সংস্কার প্রয়োজন। পুরসভার উন্নয়নমূলক কাজের তালিকায় এইগুলির অগ্রাধিকার থাকা একান্ত বাঞ্ছনীয়। উল্লেখিত স্থানগুলি যে দুর্দশাপ্রাপ্ত হইয়াছে, তাহা বেশ কিছুদিনের। এই দিকে পুরসভার দৃষ্টি দেওয়া একান্ত দরকার ছিল। প্রসঙ্গত আরও একটি কথা আসিয়া পড়িতেছে। ভাগিরথী নদীর উপর সেতু নির্মাণের শিলান্যাস মুখ্যমন্ত্রী করিয়াছিলেন। তাঁহার আগমনের জন্য ফুলতলা-ম্যাকেঞ্জীপার্ক হইয়া ডাকবাংলো পর্যন্ত রাস্তাটির অতি দ্রুত প্রায়-নবীকরণ হয়। গাড়ীঘাটের কাছে হক ফার্মেসীর নিকট নার্সিংহোম হইতে যে ময়লা জল রাস্তার উপর দিয়া প্রবাহিত হইত, তাহা মুখ্যমন্ত্রীর আগমনের সুবাদে মাটি ফেলিয়া বন্ধ করা হয়। কিন্তু এখন আবার সেই ড্রেনের নোংরা জল রাস্তার উপর ছড়াইয়া পড়িতেছে। নোংরা জলের উপর দিয়া পদযাত্রীদের চলাচল করিতে হইতেছে। সাইকেল, রিক্সা, বাস, লরি প্রভৃতির চাকা ছিটান জল পথচারীদের গায়ে, কাপড়-চোপড়ে লাগিতেছে। পুর-কর্তৃপক্ষকে আমাদের অনুরোধ, ইহার যেন আশু প্রতিকার করা হয়। ভাগিরথী নদীতে স্নানান্তে বহু মানুষের স্নানস্নিগ্ধ শুচি দেহমন নোংরা জলের স্পর্শে কিরূপ অবস্থায় পড়ে, তাহা সহজেই অনুমেয়।

### মহম্মদ হোসেন আলি সিপিএমে

( ১ম পৃষ্ঠার পর )

নমিনেশন না পান তাঁর চেষ্টা করেন। তার ফলে কংগ্রেস হাইকম্যাণ্ড থেকে হোসেন মাষ্টার বা মোঃ সোহরাব কাউকেই প্রার্থীপদ দেওয়া হয় না। প্রার্থী করা হয় আবদুল হককে। কিন্তু কৌশলে আবদুল হককে হাত করে মহঃ সোহরাব সুতী কেন্দ্রে কংগ্রেস প্রার্থী হিসাবে নমিনেশন ফাইল করার সুযোগ করে নেন। হাইকম্যাণ্ড এর কোন প্রতিবাদ না করে সোহরাবকে মেনে নেওয়ায় হোসেন মাষ্টার বিশেষভাবে ক্ষুব্ধ হন। এবং নির্বাচনের আগেই ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটে অনুগামীদের নিয়ে তাঁর দল ত্যাগে। গত ১৭ জুন অরঙ্গাবাদে সিপিএমের এক কর্মীসভায় হোসেন মাষ্টার তাঁর প্রায় পাঁচশত অনুগামী নিয়ে সিপিএমে যোগদানের অনুষ্ঠানিক ঘোষণা করেন। এবং তাঁর বিড়ি মজদুর ইউনিয়নের অনুমোদনের জন্য সিটুর কাছে আবেদন জানান। এই সিপিএম কর্মীসভায় অরঙ্গাবাদ সিপিএম লোকাল কমিটির সম্পাদক অমল চৌধুরী, ধুলিয়ান জোনাল কমিটির সম্পাদক প্রাক্তন বিধায়ক তোয়াব আলি, জেলা সিপিএম সম্পাদক মণ্ডলীর সদস্য ও সিটুর তুষার দে উপস্থিত ছিলেন। তাঁরা হোসেন মাষ্টারের কংগ্রেস ত্যাগ ও সিপিএমে যোগদানকে স্বাগত জানান ও বিড়ি মজদুর ইউনিয়নকে সিটুর অনুমোদন দেওয়া হবে বলে প্রতিশ্রুতি দেন। মহকুমা কংগ্রেস নেতৃত্বের সঙ্গে যোগাযোগ করা হলে তাঁরা বলেন বেশ কিছুদিন থেকে হোসেন মাষ্টার দলের নির্দেশ অমান্য করে দলবিরোধী কাজ-কর্ম চালাচ্ছিলেন ও সিপিএমের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখছিলেন। তাঁকে বহুবার সাবধান করা হলেও তিনি কর্ণপাত করেননি।

### মির্জাপুরে উন্নয়ন কাজ

গণকর ঃ মির্জাপুর অঞ্চলে বিশ্বব্যাঙ্কের টাকায় ৫টি প্রাথমিক বিদ্যালয়ের পাকা গৃহ তৈরীর কাজ শুরু হয়েছে। এ ছাড়া মির্জাপুর-অনুপপুর রাস্তার মাটির কাজ প্রায় শেষ হতে চলেছে। মোরাম ফেলাও শুরু হয়েছে। তবে বর্ষার মুখে কাজ কতটা এগোবে এটাই কথা।

### সন্ত্রাস বাড়িয়ে চলেছে (১ম পৃষ্ঠার পর)

গত ১৭ জুন শিবনগরের কাঁচেনুর বিবি সমসেরগঞ্জ থানায় লিখিত অভিযোগ জানান ১৬ জুন রাতে বেশ কিছু মস্তান দলবদ্ধভাবে গ্রামের বহু লোকের ঘরবাড়ী ভাঙচুর করে ও ধারালো অস্ত্র নিয়ে লুটপাট চালায়। ক্ষতির পরিমাণ প্রায় দু'লক্ষ টাকা। ব্লক কংগ্রেস সভাপতি হাজি হাসান আলী এই মর্মে জেলার পুলিশ সুপার, জেলাশাসক প্রমুখের কাছে লিখিত অভিযোগ জানিয়েছেন বলে খবর। সামসেরগঞ্জ ব্লক কংগ্রেসের সাধারণ সম্পাদক নজেদ আলী, সভাপতি হাজী হাসান আলী উপদ্রুত শিবনগর পরিদর্শন করে হাঙ্গামার খবর সংগ্রহ করেন। আমাদের প্রতিনিধিকে তাঁরা জানান প্রায় ১৯টি ঘর একেবারে ভেঙ্গে ফেলা হয়েছে। জিনিষপত্র লুট হয়েছে। একশোর উপর পরিবার গৃহহারা হয়েছেন। পুলিশে খবর দিয়েও কোন ফল হয়নি। পুলিশ আশ্চর্য্যজনকভাবে নিষ্ক্রিয়। উপরন্ত পুলিশ অভিযোগকারীদের উপর অত্যাচার নামিয়ে এনেছে। কংগ্রেস সমর্থক ও কর্মীদের বিভিন্ন জামিনযোগ্য ধারায় গ্রেপ্তার করে কোর্টে চালান করা হয়েছে। এই পরিস্থিতিতে ব্লক সভাপতি ২৩ জুন এক বৈঠক করেন। বৈঠকে পরিষদীয় বিরোধী নেতা অতীশচন্দ্র সিংহ ছাড়াও সমস্ত জেলা কংগ্রেস বিধায়করা ও জেলা সহসভাপতি আলী হোসেন মণ্ডল প্রমুখ উপস্থিত ছিলেন। চকশাপুর ও শিবনগরের ঘটনা নিয়ে এই বৈঠকে সবিস্তার আলোচনা হয়। তাঁরা সমস্ত ঘটনার পূর্ণ ও নিরপেক্ষ তদন্ত এবং অপরাধীদের শাস্তির দাবীতে সোচ্চার হন। গত ২৩ জুন জঙ্গিপুর লোকসভার সাংসদ ইদ্রিস আলী চকশাপুর ও শিবনগর পরিদর্শন করেন। স্থানীয় মানুষেরা তাঁর সঙ্গে সাক্ষাৎ করে ১৯টি ক্ষতিগ্রস্ত বাড়ী পরিদর্শন করান ও লুটপাটের মালপত্রের একটি তালিকা তাঁর হাতে তুলে দেন। সাংসদ পরে সামসেরগঞ্জ থানায় গিয়ে অফিসারদের সঙ্গে আলোচনা করে নিরপেক্ষ তদন্তের অনুরোধ করেন এবং কয়েকজনের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগও আনেন বলে খবর।

# NTPC High School

**P. O. Pubarun, Dist. Malda**

WEST BENGAL, PIN : 742236

**Applications are invited for the following posts :**

| Sl. No. | POST | No. of Post : | MINIMUM QUALIFICATION | EXPERIENCE |
|---|---|---|---|---|
| 01 | Headmaster | 01 | 2nd Class (Hons.) and Master Degree in any University and B. Ed. | 10 Yrs. Teaching Experience in any recognised High & Higher Secondary School (preferably 2 Yrs' experience as Headmaster in a recognised School ) |
| 02 | Asstt. Teacher in Hindi | 01 | 2nd Class (Hons.)/Master Degree in Hindi and B. Ed. | 02 Yrs. Teaching Experience in any recognised High or Higher Secondary School (Fluency in Bengali will be treated as additional qualification) |
| 03 | Asstt. Teacher in Physics | 01 | 2nd Class (Hons.)/Master Degree in Physics and B. Ed. | 02 Yrs. Teaching Experience in any recognised High or Higher Secondary School. |
| 04 | Asstt. Teacher in Computer | 01 | 2nd Class (Hons.) Degree in Computer Science from a recognised Institution. | 02 Yrs. Experience is preferably desirable. |
| 05 | Asstt. Teacher in Geography | 01 | 2nd Class (Hons.) Degree & 2nd Class Master Degree in Geography & B. Ed. | 02 Yrs. Teaching Experience in recognised Secondary/Higher Secondary School. |
| 06 | Asstt. Teacher in English (For Secondary and Higher Secondary Sections/ AD HOC Post.) | 01 | Honours in Graduation Level with B. Ed. | 02 Yrs Teaching Experience in a recognised School is preferable. |
| 07 | Asstt. Teacher in Bengali (for Secondary and Higher Secondary Sections/AD HOC Post.) | 01 | Honours in Graduation Level with B. Ed. | 02 Yrs. Teaching Experience in a recognised School is preferable. |
| 08 | Asstt. Teacher in Chemistry (for Secondary and Higher Secondary Sections/AD HOC.) | 01 | Honours in Graduation Level with B. Ed. | 02 Yrs. Teaching Experience in a recognised School is preferable. |
| 09 | Asstt. Teacher in Math. (AD HOC Post) | 01 | Honours in Graduation Level with B. Ed. | 02 Yrs. Teaching Experience in a recognised School is preferable. |

## GENERAL CONDITIONS

AGAINST SERIAL NO. : 1 to 5

Age criteria against Sl. No. 1—Not More than 50 Years.
Age criteria against Sl. No. 2 to 5—Not More than 35 Years.
Scale of Pay as per Rules framed by W. B. Board & W. B. Government for such schools.
Provision for residential accommodation as per Rules framed by NTPC/Farakka Super Thermal Power Project.
Provision for free medical treatment at NTPC/FSTPP Hospitals and as per Rules framed by the School Management.
Age limit for SC/ST candidates will be relaxed by 5 years.
Eligible SC/ST candidates will be given preference.
Knowledge of Bengali (both spoken & written) is essential in all categories.

AGAINST SERIAL NO: 06 to Sl. No. 09

A D HOC Teachers will get a consolidated pay of Rs. 1600/- p. m.
Provision for residential accommodation per Rules of the School.
Age limit for AD HOC posts is 35 years (relaxable by 5 years for SC/ST candidates.)

## COMMON GENERAL CONDITIONS

Candidates called for Interview will be paid 2nd Class to-&-fro Railway fare by the Shortest Route.
Knowledge of Bengali—both in Speaking & in Writing is essential.
Appropriate Authority reserves the right of selection without any prejudice.

Management reserves the right to raise the eligibility criteria in order to restrict the number of candidates to be called for interview in all categories.

Interested Candidates may apply to the Deputy General Manager (Town Admn.) and Working Chairman/NTPC High School. P. O. Nabarun, Dist. Murshidabad, West Bengal 742236 giving the Bio-Data with IPO of Rs. 10/- to be drawn in favour of the School and attested xerox copies of marksheets, testimonials and certificates within fifteen (15) days from the date of advertisement.

ENVELOPES MUST BE SUPERSCRIBED WITH THE NAME OF POST applied for.

## অধ্যক্ষের দুর্ব্যবহারে বিক্ষোভে জি এম অফিস ভাঙচুর

ফরাক্কা : গত ২৭ জুন ফরাক্কা ব্যারেজ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অধ্যক্ষের সঙ্গে স্থানীয় টাউন ছাত্রপরিষদ ৯ দফা ছাত্র-স্বার্থ সম্বলিত দাবীর প্রেক্ষিতে ডেপুটেশনে বসার আবেদন জানালেও অধ্যক্ষ ডেপুটেশনে না বসায় ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে ওঠে। সেদিন সকাল ১১টা নাগাদ ছাত্রপরিষদ সভাপতি অপূর্ব মণ্ডলের নেতৃত্বে ডেপুটেশনের জন্য অধ্যক্ষের অফিসে গেলে অধ্যক্ষ অডিট কাজের অজুহাত দেখিয়ে ব্যারেজ ফাইনান্স বিভাগে চলে যান। ফলে বিক্ষুব্ধ প্রায় হাজার খানেক ছাত্র-ছাত্রী স্কুল বয়কট করে ব্যারেজের জি, এম অফিসে হাজির হয়। জি, এম ছাত্রদের সঙ্গে দেখা করতে বা কথা বলতে রাজী হন না। এতে উত্তেজিত ছাত্র-ছাত্রীরা জি, এম অফিসের উপর ইটপাটকেল ছুঁড়তে থাকে ও অফিসের আসবাবপত্র ভাঙচুর করে। শেষ পর্যন্ত জি, এম এ কে সাংলে ছাত্র প্রতিনিধির সঙ্গে মিলিত হয়ে তাঁদের ৯ দফা দাবীর প্রতি সহানুভূতি দেখান ও মেনে নেবার প্রতিশ্রুতি দেন। তারা ছাড়াও এপিডি আরও আন্দোলন শুরু করেছে বলে খবর। সর্বশেষ জানা যায় ফরাক্কা ব্যারেজ প্রশাসন ছাত্রপরিষদের ৬ জনের বিরুদ্ধে ফরাক্কা থানায় এফ, আই, আর করেছেন।

**পুনরায় কৃতিত্ব দেখাল** ( ১ম পৃষ্ঠার পর )

মির্জাপুর ডিপি স্কুলে পরীক্ষা দেয় মোট ৪৩ জন। পাশ ১ম বিভাগে ৩, ২য় বিভাগে ২৩, ৩য় বিভাগে ২, কম্পার্টমেন্টাল ১৩, একজন পরীক্ষা দেয়নি। সর্বোচ্চ নম্বর ৬৬০ পায় চিন্ময়কুমার মণ্ডল। জঙ্গীপুর উচ্চ বিদ্যালয়ের মোট পরীক্ষার্থী ১০২ জন। ১ম বিভাগে ২টি ষ্টারসহ ৮ জন, ২য় বিভাগে ৪৫, ৩য় বিভাগে ১০, কম্পার্টমেন্টাল ৩০, ফেল ৯ জন। সর্বোচ্চ নম্বর ৬৯৬ পায় আবদুল মাজিদ। সাহেবনগর উচ্চ বিদ্যালয় থেকে পরীক্ষা দেয় ৫৩ জন। ১ম বিভাগে ৯ জন, ২য় বিভাগে ২২ জন, ৩য় বিভাগে ৯, কম্পার্টমেন্টাল ১০, ফেল ৩ জন। সর্বোচ্চ নম্বর মহঃ কাউসার আলী ৬৪৮। অন্যান্য স্কুলের সংবাদ এখনও সংগ্রহ করা যায়নি।

**দায়িত্বে কেউ নেই** ( ১ম পৃষ্ঠার পর )

কমিটির চিত্ত মুখার্জী জানান বিভিন্ন দুর্নীতির তদন্তে জেলাশাসক সৌরভ দাস একজন অতিরিক্ত জেলাশাসক ক হাসপাতালে তদন্তের জন্য পাঠিয়েছেন। এ ছাড়াও রাজ্য সরকারের একটি তদন্তকারী দল শীঘ্রই মহকুমা হাসপাতালে তদন্ত করতে আসছেন এই পরিপ্রেক্ষিতে হাসপাতাল বাঁচাও কমিটি তাঁদের পরিচালিত আন্দোলন আপাততঃ স্থগিত রেখেছেন। তবে কোন রোগী অসুবিধায় পড়ে যদি হাসপাতাল বাঁচাও কমিটির সহযোগিতা চান সে ক্ষেত্রে তাঁরা এগিয়ে আসবেন।

**উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে** ( ১ম পৃষ্ঠার পর )

রেশন কার্ড, সিডিউল্ডকাষ্ট সার্টিফিকেট দেখিয়ে বাবার নাম আলাদা প্রমাণ করলে তাপসকে ছেড়ে দেয়। একই ধরনের আর একটি ঘটনা ঘটে তিনদিনের মাথায় ২৬ জুন। দুমকা পুলিশ একটি কেসে রঘুনাথগঞ্জের বাসিন্দা রাজকুমার আগরওয়ালার ( পিতা দুলিচাঁদ আগরওয়ালা ) নামে এক গ্রেপ্তারী পরোয়ানা এনে রঘুনাথগঞ্জ থানার সাহায্য চায়। রঘুনাথগঞ্জ থানা কোন রকম খোঁজ-খবর না করে স্থানীয় বিশিষ্ট ব্যবসায়ী রাজকুমার আগরওয়ালাকে (পিতা শঙ্করলাল আগরওয়ালা) পুলিশ টিম পাঠিয়ে থানায় নিয়ে আসে। পরে প্রমাণ হয় এ রাজকুমার সে রাজকুমার নয়। ওসি দুঃখ প্রকাশ করে তাঁকে ছেড়ে দেন। দুটি ঘটনাতেই প্রমাণ হয় পুলিশ নিজের দায়িত্ব উপেক্ষা করে ও কোন রকম খোঁজ-খবর না নিয়েই যাকে তাকে গ্রেপ্তার করে চলেছে নির্বিবাদে। এই ধরনের কাজ শুধু অবিবেচনাই নয়, মানহানিকরও।


৬ই জুলাই, শনিবার, সন্ধ্যা ৬-৩০ মিঃ
সংগীতে, নৃত্যে ও কবিতায়
**বরষা-বরণ উৎসব**
অংশ গ্রহণে : **রবি-মঞ্চ সংগীত বিদ্যালয়**
বিশেষ অতিথি শিল্পী
সুপ্তি মুখোপাধ্যায় ( বেতার, কলিকাতা )
সংগীত পরিচালনা : দেবাশিস্ বন্দ্যোপাধ্যায়
স্থান—রবীন্দ্রভবন ( রঘুনাথগঞ্জ )
* প্রবেশ অবাধ *
সৌজন্যে—**রঘুনাথগঞ্জ বস্ত্রালয়**



2 YEARS WARRANTY
WEBEL NICCO TV
Dealer :
Bharat Electronics
Raghunathganj ✪ Phone : 66-321
Sengupta Elcetronics
Raghunathganj, Murshidabad



*বিশেষ আকর্ষণ :* বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই **কোবরা** ছাপা শাড়ী।

আর কোথাও না গিয়ে
আমাদের এখানে অফুরন্ত
সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা
ষ্টিচ করার জন্য তসর থান,
কোরিয়াল, জামদানী জোড়,
পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ
পিওর সিল্কের প্রিন্টেড
শাড়ীর নির্ভরযোগ্য
প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য
পরীক্ষা প্রার্থনীয়।



**বাঘিড়া ননী এণ্ড সন্স**
মির্জাপুর ॥ গনকর
ফোন নং : গনকর ৬২০২৯


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অমুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।